

বিজ্ঞপ্তি নং-
২৬/২০২৬

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
প্রশাসন ও অর্থ ডিভিশন
এইচআর সেকশন
www.sec.gov.bd

১৮ চৈত্র ১৪৩২

স্মারক নম্বর- বিএসইসি/প্রশাসন/৫৫:০১/২০১৩ (৩য় খন্ড)/ ২৮

তারিখঃ -----
০১ এপ্রিল ২০২৬

অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব মোহাঃ ইব্রাহীম আলী, সহকারী পরিচালক, বিএসইসি এর বিরুদ্ধে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ এর বিধি ২(১) [চাকরির শৃঙ্খলা, নিয়মের হানিকর, কর্মচারীর পক্ষে শোভনীয় নয় এমন আচরণ, ইত্যাদি অন্তর্ভুক্ত] এবং বিধি ৩৬ (আচরণ ও শৃঙ্খলা) সম্পর্কিত বিধি ৩৬(১)(ক) তৎসহ বিধি ৪৯(খ) এর আওতায় “অসদাচরণ” এবং উক্ত “অসদাচরণ” সম্পর্কিত বর্ণিত যে কোন অভিযোগ প্রমাণিত হলে তা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী বিধিমালা, ২০২১ এর বিধি ৫০ এর আওতায় চাকরি হতে বরখাস্ত কিংবা অন্য যেকোন গুরুদণ্ড আরোপ করা প্রয়োজন হবে।

এ অভিযোগে আপনি জনাব মোহাঃ ইব্রাহীম আলী, সহকারী পরিচালক, বিএসইসি এর বিরুদ্ধে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ এর বিধি অনুযায়ী বিভাগীয় কার্যধারা শুরু করার কমিশনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

যেহেতু, অভিযোগের মাত্রা ও প্রকৃতি বিবেচনায় জনাব মোহাঃ ইব্রাহীম আলী, সহকারী পরিচালক, বিএসইসি -কে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মর্মে কমিশনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ এর বিধি ৫৫(১)বিধি অনুসারে জনাব মোহাঃ ইব্রাহীম আলী, সহকারী পরিচালক, বিএসইসি -কে সাময়িক বরখাস্ত করা হলো।

তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকবার সময় সরকারি বিধি ও আদেশানুযায়ী খোরাকি ভাতা পাবেন।

কমিশনের সিদ্ধান্তের প্রেক্ষিতে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।



খন্দকার রাশেদ মাকসুদ
চেয়ারম্যান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জনাব মোহাঃ ইব্রাহীম আলী
সহকারী পরিচালক
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। সকল গ্রেডের কর্মচারী, বিএসইসি
- ২। নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএসইসি
- ৩। পরিচালক (আইসিটি), বিএসইসি- কমিশনের ওয়েবসাইটে তথ্যাদি হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ
- ৪। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, বিএসইসি (হিসাব সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা (সকল), কমিশনার (সকল) মহোদয়ের দপ্তর, বিএসইসি
- ৭। সংশ্লিষ্ট ব্যক্তিগত নথি
- ৮। অফিস কপি।